छाँपती वाङाव

বগুড়া, বুধবার, ২৭ নভেম্বর, ২০১৯



স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়ের মন্ত্রী মোঃ তাজুল ইসলাম এমপি বলেছেন, জাতির জনক বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান স্বপ্ন দেখে ছিলেন, বাঙালি জাতিকে শ্রেষ্ঠ জাতি হিসেবে গড়ে তুলবে। এখন জনসংখ্যা বাড়ছে, আবাদি জমি কমেছে, তাইতো ৪৪ বছর পর বঙ্গবন্ধু শেখ মুজিবের স্বপ্নকে বাস্তবায়নের লক্ষে স্থ-নির্ভর সোনার বাংলাদেশ গড়ে তুলতে বর্তমান সরকার অত্যাধুনিক প্রযুক্তির মাধ্যমে কৃষি কাজে ধান উৎপাদন ও সমবায় ভিত্তিক চাষাবাদ, হস্তশিল্পের বিকাশ, ফুড প্রসেসিং ইন্ড্রাষ্টিজ গড়ে তুলতে কাজ করে যাচ্ছে। বিশ্বের থাইল্যান্ড, ভিয়েতনাম, মায়ানমার দেশে অত্যাধুনিকভাবে যান্ত্রিক পদ্ধতি ব্যবহার প্রচুর পরিমানে ধান উৎপাদন করে বিশ^বাজারে সমাদৃত হয়েছে, তাই এদেশেও যান্ত্রিক পদ্ধতি ব্যবহার করে ধান উৎপাদন বাড়িয়ে রপ্তানি করা সম্ভব।

প্রধানমন্ত্রী শেখ হাসিনার উপহার হিসেবে আমার গ্রাম, আমার শহর প্রকল্পের আওতায় গ্রামে শহরের সকল সুবিধা নিশ্চিত করতে অল্প জায়গায় বেশী উৎপাদন বাড়াতে, শিল্প ও সমবায়ভিত্তিক প্রতিষ্ঠান গড়ে তুলতে হবে হবে। বাংলাদেশ আজ একটি স্বল্প উন্নত দেশ, মধ্যম আয়ের দেশে পরিণত করতে, সুশাসন, ন্যায়-বিচার প্রতিষ্ঠায় কৃষিক্ষেত্রে বৈপ্লবিক পরিবর্তন আনতে হবে। আর এজন্য দরকার দেশের সকল জনগণের সম্মিলিত প্রচেষ্টা।

২৬ নভেম্বর মঙ্গলবার বিকাল সাড়ে ৩টায় বগুড়ার শেরপুর উপজেলার গাড়িদহ ইউনিয়নের চকপাথালিয়া গ্রামে বগুড়া পল্লী উন্নয়ন একাডেমী, কর্তৃক গবেষণাধীন 'কৃষি জমির আইল উঠিয়ে দিয়ে সমবায় ভিত্তিক যান্ত্রিক পদ্ধতিতে চাষাবাদের মাধ্যমে ফসলের উৎপাদনশীলতা বৃদ্ধি শীর্ষক প্রায়োগিক গবেষণা' এর ধান কর্তণের উদ্বোধনী অনুষ্ঠানে প্রধান অতিথি'র বক্তব্যে উপরোক্ত কথাগুলো বলেন।

পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগের সচিব মোঃ রেজাউল আহসান সভাপতিত্বে অনুষ্ঠানে বিশেষ অতিথি'র বক্তব্য রাখেন পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়ের প্রতিমন্ত্রী স্বপন ভট্টাচার্য এমপি, বগুড়া-৫ আসনের এমপি মোঃ হাবিবর রহমান, বগুড়া জেলা আওয়ামীলীগের সাধারণ সম্পাদক ও শেরপুর উপজেলা চেয়ারম্যান মজিবর রহমান মজনু। কৃষকদের মধ্যে আবুল কাশেম বক্তব্য রাখেন।

পল্লী উন্নয়ন একাডেমী, বগুড়া'র মহাপরিচালক মোঃ আমিনুল ইসলাম (অতিরিক্ত সচিব) এর সঞ্চালনায় অনুষ্ঠানে এসময় জেলা প্রশাসক ফয়েজ আহাম্মদ, বগুড়ার পদোন্নতিপ্রাপ্ত পুলিশ সুপার আরিফুর রহমান মন্ডল, শাহাজাহানপুর উপজেলা চেয়ারম্যান সোহরাব হোসেন ছান্নু, শেরপুর উপজেলা নির্বাহী কর্মকর্তা লিয়াকত আলী সেখ, সংশ্লিষ্ট ইউপি চেয়ারম্যান দবির উদ্দিন প্রমুখ সহ প্রশাসনের বিভিন্ন কর্মকর্তা, আরডিএ'র কর্মকর্তা-কর্মচারী, প্রিন্ট ও ইলেক্ট্রনিক্স মিডিয়ার গণমাধ্যমকর্মীরা, স্থানীয় গন্যমান্যব্যক্তি, কৃষকরা উপস্থিত ছিলেন।

অনুষ্ঠানে মন্ত্রী মোঃ তাজুল ইসলাম, এমপি আরও বলেন, বাংলাদেশে বিভিন্ন আধুনিক যন্ত্রপাতি ও প্রযুক্তি ব্যবহারের অন্যতম বড় একটি প্রতিবন্ধকতা হলো জমি খন্ড খন্ড এবং জমির আইল। তিনি পল্লী উন্নয়ন একাডেমী, বগুড়াকে কিভাবে জমির আইল তুলে দিয়ে কৃষি জমি পুনরুদ্ধারের মাধ্যমে যান্ত্রিক পদ্ধতিতে চাষাবাদ শুরু করা যায় সেই দিকে গুরুত্ব দেওয়ার নির্দেশ দেন। এর আগে প্রধান অতিথি ও বিশেষ অতিথিবৃন্দ বগুড়া পল্লী উন্নয়ন একাডেমী, কর্তৃক গবেষণাধীন 'কৃষি জমির আইল উঠিয়ে দিয়ে সমবায় ভিত্তিক যান্ত্রিক পদ্ধতিতে চাষাবাদের মাধ্যমে ফসলের উৎপাদনশীলতা বৃদ্ধি শীর্ষক প্রায়োগিক গবেষণা' এর ধান কর্তণের শুভ উদ্বোধন করেন। অনুষ্ঠানে মন্ত্রী ও প্রতিমন্ত্রী সহ বিভিন্ন অতিথিদেরকে আরডিএ'র কর্মকর্তা ও স্থানীয় এলাকাবাসীরা ফুল দিয়ে শুভেচ্ছা জানান।